# আর্থিক সাক্ষরতা

## কৃষি লোন



ইউনাইটেড ফাইন্যান্স

উন্নত সেবার লক্ষ্যে... প্রতিদিন

# যারা যারা কৃষি লোন পাবে



কৃষি কাজে সরাসরি নিয়োজিত প্রকৃত কৃষকগণ



ক্ষুদ্র, প্রান্তিক কৃষক ও বর্গাচাষি



পল্লী অঞ্চলে আয় উৎসারী কর্মকান্ডে জড়িত ব্যক্তিবর্গ



নারী ও ক্ষুদ্র কৃষকগণ অগ্রাধিকার ভিত্তিতে ঋণ পাবে



# যে যে খাত/উপখাত কৃষি ও পল্লী ঋণ কর্মসূচির আওতাভুক্ত



শস্য/ফসল



মৎস্য সম্পদ



প্রাণিসম্পদ



কৃষি যন্ত্রপাতি



সেচ যন্ত্রপাতি



বীজ উৎপাদন



শস্যগুদাম ও বাজারজাতকরণ



দারিদ্র্য বিমোচন ও আয় উৎসারী কর্মকান্ড



অন্যান্য

# কৃষি ঋণ এর সুদ/মুনাফার হার

| ক্রম | ক্ষেত্র | সুদ/মুনাফার হার |
|---|---|---|
| ১ | ব্যাংক | ৮% |
| ২ | এমএফআই লিংকেজের আওতায় ব্যাংক সমুহ | ৮% |
| ৩ | কৃষি খাতে ‘বিশেষ প্রণোদনামূলক পুনঃঅর্থায়ন স্কিম’ | ৪% |
| ৪ | আমদানি বিকল্প ফসল যথা-ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষে | ৪% |
| ৫ | নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট সঙ্কট মোকাবেলায় শস্য ও ফসল খাতের জন্য | ৪% |
| ৬ | দেশের পার্বত্য জেলাসমূহে (রাঙামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) কৃষি খাতে | ৪% |
| ৭ | পাট খাতে পুনঃঅর্থায়ন স্কিম | ৭% |
| ৮ | কৃষি ভিত্তিক  লোণ | ৭% |

# কৃষি ঋণ -আবেদন করার প্রতিক্রিয়া




**মাত্র ১০/- টাকায় সঞ্চয়ী হিসাব**

সময়ে সময়ে এ হার পরিবর্তিত হতে পারে

***আবেদনের ভিত্তিতে কৃষি ও পল্লী ঋণ গ্রহণের ক্ষেত্রে ঋণের জন্য নির্ধারিত সুদ/মুনাফা ব্যতীত অন্য কোন প্রকার চার্জ, প্রসেসিং ফি/মনিটরিং ফি নেয়া হবে না

# কৃষি/পল্লী ঋণ সুবিধা গ্রহণ করার স্থান

বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত ব্যাংক/



এজেন্ট ব্যাংকিং



এমএফআই



# কৃষি ঋণ পেতে হয়রানির শিকার হলে অভিযোগ দাখিল প্রতিক্রিয়া

অভিযোগের জন্য ইউনাইটেড ফাইন্যান্স হটলাইন নম্বর ১৬৩৫৪ এ কল করতে পারেন অথবা ই-মেইল করতে পারেন q&a@unitedfinance.com.bd অথবা আপনার নিকটতম ব্রাঞ্চে যোগাযোগ করতে পারেন

## সমাধান না পাওয়া গেলে



bb.cipc@bb.org.bd



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০



গ্রাহক স্বার্থ সংরক্ষণ কেন্দ্র

# ঋণের পরিমাণ

ঋণের পরিমাণ নির্ধারণের সময় সাবধানতা অবলম্বন করতে হবে। কৃষিকাজের জন্য অর্থের প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে ঋণের পরিমাণ নির্ধারণ করা উচিত। ঋণের পরিমাণ নির্ধারণে, কৃষিকাজের খরচের সাথে অন্যান্য ব্যক্তিগত খরচ যোগ করার প্রলোভন থেকে বিরত থাকতে হবে।

ফসলের ফলন হতে কৃষি ঋণ পরিশোধ করতে হবে। তাই, ঋণ নেয়ার আগে, কতটুকু ফলন পাওয়া যাবে এবং যুক্তিসংগত দাম অনুমান করতে হবে। সেই হিসাব করার সময়, ঝড়, বন্যা, কীটপতঙ্গ ইত্যাদির কারণে সম্ভাব্য ক্ষতির জন্য সংস্থান রাখা প্রয়োজন। শুধুমাত্র কৃষিকাজের জন্য প্রয়োজনীয় অর্থ ঋণ নেয়া সচেতনতার পরিচয় দেয়।







| আব্দুর রহিম | | আব্দুল করিম |
|---|---|---|
| টমেটো | শস্য | টমেটো |
| ৫০,০০০ | ঋণের পরিমাণ (টাকা) | ৭০,০০০ |
| ৫ | ঋণের মেয়াদ (মাস) | ৫ |
| ২০ | সুদের হার (%) | ২০ |
| ৪,১৬৭ | সুদের পরিমাণ (টাকা) | ৫,৮৩৩ |
| ৫০,০০০ | আসল শোধ (টাকা) | ৭০,০০০ |
| ৫৪,১৬৭ | মোট ঋণ পরিশোধ (টাকা) | ৭৫,৮৩৩ |
| ৭৫,০০০ | ফসল হতে আয় (টাকা) | ৭৫,০০০ |
| ২০,৮৩৩ | ঋণ পরিশোধের পর উদ্বৃত্ত (টাকা) | (৮৩৩) |

# ঋণের মেয়াদ

ঋণ পরিশোধের জন্য যে সময় নেয়া হয়, তাই ঋণের মেয়াদ। এই মেয়াদের শেষে সুদ সহ ঋণের অর্থ ফেরত দিতে হয়। এখানে মনে রাখা প্রয়োজন, ঋণ পরিশোধের জন্য যত দীর্ঘ সময় নেয়া হবে, সুদের পরিমাণ তত বেশি হবে।

কিছু কিছু ঋণদাতা ঋণ পরিশোধের জন্য এক বছর সময় দেয়। এসময়ের মধ্যে আপনি যেকোনো উদ্দেশ্যে ঋণের অর্থ ব্যবহার করতে পারেন। কিন্তু এই ক্ষেত্রে ঋণের উপর সম্পূর্ণ বছরের জন্য সুদ দিতে হয়, যদিও ঋণের অর্থ কৃষিকাজের মত উৎপাদনশীল কাজে ব্যবহৃত নাও হতে পারে।

অন্যথায়, মৌসুম ভিত্তিক ঋণের ক্ষেত্রে, ঋণ পরিশোধ করতে হয় কৃষি মৌসুমের শেষে যেটার মেয়াদ নির্ভর করবে ফসলের মেয়াদের উপরে। এটা সাধারণত এক বছরের কম সময় হয়ে থাকে।

**পাশের** চিত্রের সাহায্যে ঋণের মেয়াদে তারতম্যের কারণে সুদের পরিমাণে যে তারতম্য হয় তা বোঝানো হয়েছে।







| আব্দুর রহিম | | আব্দুল করিম |
|---|---|---|
| টমেটো | শস্য | টমেটো |
| ৫০,০০০ | ঋণের পরিমাণ (টাকা) | ৫০,০০০ |
| ৫ | ঋণের মেয়াদ (মাস) | ১২ |
| ২০ | সুদের হার (%) | ২০ |
| ৪,১৬৭ | সুদের পরিমাণ (টাকা) | ১০,০০০ |
| ৫০,০০০ | আসল শোধ (টাকা) | ৫০,০০০ |
| ৫৪,১৬৭ | মোট ঋণ পরিশোধ (টাকা) | ৬০,০০০ |

# ঋণ বিতরণ

সুদের পরিমাণ নির্ধারণে ঋণ বিতরণের পদ্ধতি যাচাই করতে হবে।

কেউ কেউ সম্পূর্ণ ঋণ একবারেই বিতরণ করে, আবার অন্যরা ধাপে ধাপে প্রয়োজনের ভিত্তিতে ঋণ বিতরণ করে থাকে। কৃষিকাজের জন্য ঋণের সম্পূর্ণ অর্থ একবারে প্রয়োজন হয় না, বরং পুরো মৌসুম জুড়ে কৃষি কাজের জন্য বিভিন্ন দ্রব্যাদি কেনার জন্য ধাপে ধাপে প্রয়োজন হয়।

একবারে ঋণের অর্থ বিতরণ করা হলে, সম্পূর্ণ ঋণের উপর সুদ দিতে হয়, যদিও ঋণের অর্থ কৃষিকাজে ব্যবহৃত নাও হয়। ওই সময় ঋণের অর্থ কৃষিকাজে ব্যবহৃত না হলে অন্য উদ্দেশ্যে খরচ হয়ে যেতে পারে এবং প্রয়োজনের সময় খরচের জন্য অর্থের যোগান নাও থাকতে পারে।

ঋণ বিতরণ হতে হবে কৃষিকাজের জন্য প্রয়োজনের উপর ভিত্তি করে। এর ফলে কৃষিকাজে প্রয়োজনের সময় যেমন অর্থের যোগান নিশ্চিত হয়, তেমনি ঋণের অর্থের উপর সুদের পরিমাণও কম থাকে।

**পাশের** চিত্রের সাহায্যে একবারে তুলনায় ধাপে ধাপে ঋণ বিতরণের সুবিধা বোঝানো হয়েছে।







| আব্দুর রহিম | | আব্দুল করিম |
|---|---|---|
| টমেটো | শস্য | টমেটো |
| ৫০,০০০ | ঋণের পরিমাণ (টাকা) | ৫০,০০০ |
| ৫ | ঋণের মেয়াদ (মাস) | ৫ |
| ২৮,১২৫ | ১ম বিতরণ (টাকা) | ৫০,০০০ |
| ১৮,৭৫০ | ২য় বিতরণ (টাকা) | - |
| ৩,১২৫ | ৩য় বিতরণ (টাকা) | - |
| ২০ | সুদের হার (%) | ২০ |
| ৩,৭১৯ | সুদের পরিমাণ (টাকা) | ৪,১৬৭ |
| ৫০,০০০ | আসল শোধ (টাকা) | ৫০,০০০ |
| ৫৩,৭১৯ | মোট ঋণ পরিশোধ (টাকা) | ৫৪,১৬৭ |

# সুদের হিসাব

ঋণদাতাকে ঋণের বিপরীতে যে পরিমাণ অর্থ বেশি দিতে হয় তাকে সুদ বলা হয়। বিভিন্ন ভাবে সুদের পরিমাণ নির্ধারণ করা যায়। সুদের পরিমাণ নির্ধারণের পদ্ধতি, সুদের হারের চাইতে বেশি গুরুত্বপূর্ণ।

কিছু কিছু ঋণদাতা ফ্ল্যাট হারে সুদ হিসাব করে থাকে। এই পদ্ধতিতে ঋণের পরিমাণের সাথে সম্পূর্ণ বছরের সুদ যোগ করে তা ঋণের মেয়াদ দ্বারা ভাগ করে ঋণের কিস্তি নির্ধারণ করা হয়। এতে সম্পূর্ণ ঋণের উপর সুদ দিতে হয়, যদিও প্রতি কিস্তির সাথে সাথে ঋণের পরিমাণ কমতে থাকে।

অন্য ঋণদাতারা প্রতিদিনের ঋণের দায়-এর উপর প্রতিদিনের সুদ হিসাব করে থাকে। এতে যে পরিমাণ ঋণ শোধ করা হয়েছে তার উপর সুদ দিতে হয়না।

নিম্নে চিত্রের সাহায্যে দৈনিক ও ফ্ল্যাট হারে সুদ হিসাবের পার্থক্য বোঝানো হয়েছে।







| আব্দুর রহিম | | আব্দুল করিম |
|---|---|---|
| টমেটো | শস্য | টমেটো |
| ৫০,০০০ | ঋণের পরিমাণ (টাকা) | ৫০,০০০ |
| ৪৬ | ঋণের মেয়াদ (সপ্তাহ) | ৪৬ |
| ১,২০২ | সাপ্তাহিক কিস্তি (টাকা) | ১,৩০৪ |
| ২০ | সুদের হার (%) | ২০ |
| ৫,২৭৫ | সুদের পরিমাণ (টাকা) | ১০,০০০ |
| ৫০,০০০ | আসল শোধ (টাকা) | ৫০,০০০ |
| ৫৫,২৭৫ | মোট ঋণ পরিশোধ (টাকা) | ৬০,০০০ |


# ঋণ পরিশোধ

ঋণ পরিশোধের পদ্ধতি একটি গুরুত্বপূর্ণ বিষয়। ঋণ, ঋণের মেয়াদে নিয়মিত (সাপ্তাহিক/মাসিক) কিস্তি অথবা মেয়াদান্তে এক বা একাধিক কিস্তিতে পরিশোধ করা যায়।

নিয়মিত কিস্তি পদ্ধতিতে ঋণ বিতরণের পরপরই ঋণ পরিশোধ শুরু হয়। এই পদ্ধতি বিবিধ কারণে উদ্ভূত অর্থের প্রয়োজনীয়তা মেটাতে বেশি মানানসই, যেখানে ঋণগ্রহীতার কৃষি ব্যতীত অন্য নিয়মিত আয় আছে। এই পদ্ধতি কৃষিকাজের জন্য মানানসই নয়। কারণ কৃষিকাজে শুধুমাত্র মৌসুমের শেষে ফলন হতে প্রাপ্ত অর্থ থেকে ঋণ পরিশোধ সম্ভব। নিয়মিত কিস্তি প্রদানের জন্য কৃষিকাজ ব্যতীত অন্য আয় থাকতে হয়।

মেয়াদান্তে পরিশোধযোগ্য ঋণ কৃষিকাজের জন্য বেশি উপযোগী। এই পদ্ধতিতে ঋণের অর্থ ক্ষেতে কৃষিকাজে ব্যবহার করে, ফলন হতে প্রাপ্ত অর্থ থেকে ঋণ পরিশোধ করা যায় এবং অন্য আয় হতে নিয়মিত কিস্তি প্রদাণের বোঝা থেকে মুক্ত থাকা যায়।

নিম্নে চিত্রের সাহায্যে মেয়াদান্তে ও নিয়মিত সাপ্তাহিক কিস্তিতে ঋণ পরিশোধের সুবিধা বোঝানো হয়েছে।




| আব্দুর রহিম | | আব্দুল করিম |
|---|---|---|
| টমেটো | শস্য | টমেটো |
| ৫০,০,০০০ | ঋণের পরিমাণ (টাকা) | ৫০,০০০ |
| ৫ | ঋণের মেয়াদ (মাস, সপ্তাহ) | ২২ |
| – | সাপ্তাহিক কিস্তি (টাকা) | ২,৭২৭ |
| ২০ | সুদের হার (%) | ২০ |
| ৪,১৬৭ | সুদের পরিমাণ (টাকা) | ১০,০০০ |
| ৫০,০০০ | আসল শোধ (টাকা) | ৫০,০০০ |
| ৫৪,১৬৭ | মোট ঋণ পরিশোধ (টাকা) | ৬০,০০০ |

# ফি ও চার্জসমূহ

ঋণদাতা প্রতিষ্ঠান সুদ ছাড়াও তাদের বিভিন্ন সুবিধার জন্য বিভিন্ন ফি ও চার্জ নিয়ে থাকে। ঋণের মেয়াদে ঋণের সাথে সম্পর্কিত এইসব ফি ও চার্জসমূহ সুদের সাথে যোগ হয়। এই বিষয়টিও জরুরি কারণ ঋণের উপরে ধার্য সুদের সাথে যোগ হয়ে ঋণ পরিশোধের সামগ্রিক খরচ নির্ধারণ হয়।

কিছু কিছু ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান সুদের হার কম রাখলেও অন্যান্য ফি ও চার্জ বেশি রাখে। সুদের হারের সাথে সাথে এইসব খরচও ঋণের সম্পূর্ণ খরচের মধ্যে অন্তর্ভূক্ত করে ঋণ পরিশোধের সামগ্রিক খরচ নির্ধারণ করতে হবে। আবার কিছু কিছু প্রতিষ্ঠান সুদের হারের সাথে অন্য কোনো ফি ও চার্জ রাখে না, যার ফলে ঋণ পরিশোধের সামগ্রিক খরচ কম হয়।







| আব্দুর রহিম | | আব্দুল করিম |
|---|---|---|
| টমেটো | শস্য | টমেটো |
| ৫০,০০০ | ঋণের পরিমাণ (টাকা) | ৫০,০০০ |
| ৫ | ঋণের মেয়াদ (মাস) | ৫ |
| ২০ | সুদের হার (%) | ১২ |
| ৪,১৬৭ | সুদের পরিমাণ (টাকা) | ২,৫০০ |
| ৫০,০০০ | আসল শোধ (টাকা) | ৫০,০০০ |
| ৫৪,১৬৭ | মোট ঋণ পরিশোধ (টাকা) | ৫২,৫০০ |
| – | ফি ও চার্জসমূহ (টাকা) | ৫০০০ |
| ১০০ | আইনি ফি (টাকা) | ১০০ |
| ৫৪,২67 | ঋণের সামগ্রিক খরচ (টাকা) | ৫৭,৬০০ |

# লেনদেন পদ্ধতি

ঋণদাতা প্রতিষ্ঠান সুদ ছাড়াও তাদের বিভিন্ন সুবিধার জন্য বিভিন্ন ফি ও চার্জ নিয়ে থাকে। ঋণের মেয়াদে ঋণের সাথে সম্পর্কিত এইসব ফি ও চার্জসমূহ সুদের সাথে যোগ হয়। এই বিষয়টিও জরুরি কারণ ঋণের উপরে ধার্য সুদের সাথে যোগ হয়ে ঋণ পরিশোধের সামগ্রিক খরচ নির্ধারণ হয়।

কিছু কিছু ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান সুদের হার কম রাখলেও অন্যান্য ফি ও চার্জ বেশি রাখে। সুদের হারের সাথে সাথে এইসব খরচও ঋণের সম্পূর্ণ খরচের মধ্যে অন্তর্ভূক্ত করে ঋণ পরিশোধের সামগ্রিক খরচ নির্ধারণ করতে হবে। আবার কিছু কিছু প্রতিষ্ঠান সুদের হারের সাথে অন্য কোনো ফি ও চার্জ রাখে না, যার ফলে ঋণ পরিশোধের সামগ্রিক খরচ কম হয়।







| আব্দুর রহিম | | আব্দুল করিম |
|---|---|---|
| টমেটো | শস্য | টমেটো |
| ৫০,০০০ | ঋণের পরিমাণ (টাকা) | ৫০,০০০ |
| – | নগদ উত্তোলনের হার (%) | ১.৮৫ |
| – | নগদ উত্তোলন চার্জ (টাকা) | ৯২৫ |

# সিদ্ধান্ত গ্রহণের ছক

নিম্নের ছকটি সঠিক সিদ্ধান্ত গ্রহণের সহায়তার জন্য তৈরি করা হয়েছে। এখানে বিভিন্ন ঋণ প্রদানকারী সংস্থার শর্তাবলী তুলনা করে, আপনি ঋণ গ্রহণের সঠিক সিন্ধান্ত

| বিষয় / ঋণ প্রদানকারীর সংস্থার নাম | কৃষক/ব্যবহারকারী পূরণের জন্য | কৃষক/ব্যবহারকারী পূরণের জন্য | কৃষক/ব্যবহারকারী পূরণের জন্য |
|---|---|---|---|
| ঋণের পরিমাণ | | | |
| ঋণের মেয়াদ | ☐ মৌসুম ভিত্তিক<br>☐ এক বছর | ☐ মৌসুম ভিত্তিক<br>☐ এক বছর | ☐ মৌসুম ভিত্তিক<br>☐ এক বছর |
| ঋণ বিতরণ পদ্ধতি | ☐ ভাগে ভাগে<br>☐ এক বারে | ☐ ভাগে ভাগে<br>☐ এক বারে | ☐ ভাগে ভাগে<br>☐ এক বারে |
| ঋণ পরিশোধ পদ্ধতি | ☐ মৌসুমের শেষে<br>☐ নিয়মিত কিস্তি | ☐ মৌসুমের শেষে<br>☐ নিয়মিত কিস্তি | ☐ মৌসুমের শেষে<br>☐ নিয়মিত কিস্তি |
| সুদের হার | | | |
| সুদ হিসাব পদ্ধতি | ☐ প্রতিদিনের ঋণের দায়<br>☐ ফ্ল্যাট সুদের হার | ☐ প্রতিদিনের ঋণের দায়<br>☐ ফ্ল্যাট সুদের হার | ☐ প্রতিদিনের ঋণের দায়<br>☐ ফ্ল্যাট সুদের হার |
| সুদের পরিমাণ | | | |
| ফি ও চার্জসমূহ | | | |
| লেনদেন পদ্ধতি | ☐ নগদ ☐ মোবাইল ব্যাংকিং<br>☐ বিইএফটিএন | ☐ নগদ ☐ মোবাইল ব্যাংকিং<br>☐ বিইএফটিএন | ☐ নগদ ☐ মোবাইল ব্যাংকিং<br>☐ বিইএফটিএন |
| লেনদেন চার্জ | | | |
| ঋণ পরিশোধের সম্পূর্ণ পরিমাণ | | | |